**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/17/2025 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর HOCHUL (হোকল) জানুয়ারিকে নজরদারি সচেতনতা মাস এবং জানুয়ারির 18 তারিখকে নজরদারি সচেতনতা কার্যক্রম দিবস হিসেবে ঘোষণা করেছেন

***ভুক্তভোগী এবং এ রকম বৈষম্যের শিকার ব্যক্তিদের সম্মানে আগামী 18 জানুয়ারি স্টেটের স্থানীয় স্মৃতিস্তম্ভগুলো হলুদ রঙে আলোকিত করার নির্দেশ দেওয়া হয়েছে***

***গভর্নর HOCHUL (হোকল)-এর পক্ষ থেকে গৃহীত আইনটি স্বাক্ষরের পরিপ্রেক্ষিতে যে আইনটি গৃহীত হয়েছে তা পারিবারিক নির্যাতনের শিকার এবং ভুক্তভোগীদের জন্য নজরদারি এর বিরুদ্ধে সুরক্ষা আরো শক্তিশালী করতে সহায়ক হবে***

***মাসব্যাপী সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক ক্যাম্পেইন প্রযুক্তিগত নজরদারি এবং সাইবার নজরদারির উপর ফোকাস করছে***

***ঘোষণাপত্রটি গভর্নরের ওয়েবসাইটে পড়ুন***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ জানুয়ারিকে নজরদারি সচেতনতা মাস এবং জানুয়ারির 18 তারিখকে নিউ ইয়র্ক স্টেটে নজরদারি সচেতনতা দিবস হিসেবে ঘোষণা করেছেন এবং তিনি একটি ঘোষণা জারি করে নির্দেশ দিয়েছেন যে, নজরদারি এবং লিঙ্গভিত্তিক বৈষম্যের শিকার সকল ব্যক্তির প্রতি শ্রদ্ধা জানাতে আগামীকাল 18 জানুয়ারি স্টেটের সমস্ত ল্যান্ডমার্ক হলুদ আলোতে আলোকিত করা হবে।

গভর্নর Hochul (হোকল) গত মাসে, A09616/S09174 আইনে স্বাক্ষর করেছেন। নতুন আইন পারিবারিক নির্যাতনের শিকার এবং ভুক্তভোগী ব্যক্তিদের জন্য বাড়তি সুরক্ষা প্রদান করে, যার মাধ্যমে নির্যাতনকারীর যানবাহন ট্র্যাকিং প্রযুক্তির ব্যবহার বন্ধ করে দেওয়া হবে। গভর্নর Hochul (হোকল) তার চলমান প্রতিশ্রুতি তুলে ধরেছেন যা পারিবারিক নির্যাতনের শিকারদের প্রতি সমর্থন এবং জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতের দিকে মনোনিবেশ করছে।

“1970 এর দশকে, পারিবারিক নির্যাতনের বিষয়ে কথা বলাটা খুবই অস্বাভাবিক ছিল। আমার মায়ের পক্ষ থেকে প্রচারিত উদ্যোগে উদ্বুদ্ধ হয়ে, আমি এমন আইন প্রণয়নে নিবেদিত যা নিপীড়নের কারণে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের সুরক্ষা নিশ্চিত করে,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “পারিবারিক নির্যাতনের শিকার ব্যক্তিদের সুরক্ষা নিশ্চিতকারী নতুন আইন থেকে শুরু করে প্রযুক্তিগত নজরদারির বিপদ সম্পর্কে সচেতনতা সৃষ্টি পর্যন্ত আমরা নিউ ইয়র্ককে সবার

জন্য আরো নিরাপদ করে তুলতে পদক্ষেপ নিচ্ছি। আগামীকাল যখন আমরা আমাদের ল্যান্ডমার্কগুলোকে হলুদ আলোয় আলোকিত করব তখন মনে রাখবেন যে প্রতিটি আলোকরেখা এক একজন ভুক্তভোগীর শক্তির প্রতিনিধিত্ব করে এবং সম্মিলিতভাবে আমরা একটি ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছি যেখানে আমাদের কমিউনিটিগুলোতে সহিংসতার কোনো স্থান নেই।"

নজরদারি সচেতনতা মাস উপলক্ষে, নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য প্রিভেনশন অব ডোমেস্টিক ভায়োলেন্স (Office for the Prevention of Domestic Violence, OPDV) তার সংস্থার সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে একটি নজরদারি সচেতনতা মাসের সামাজিক মিডিয়া ক্যাম্পেইন চালু করছে। এই বছরের প্রতিপাদ্য হলো প্রযুক্তিগত সুবিধা এবং সাইবার নজরদারি। এর মধ্যে কয়েকটি হলো ট্র্যাকিং ডিভাইসের ব্যবহার, অবস্থান শেয়ারিং, সোশ্যাল মিডিয়া মনিটরিং এবং হয়রানি। নজরদারি এবং এ সংক্রান্ত রিসোর্স কোথায় পাবেন তা সম্পর্কে আরো তথ্য জানতে, OPDV-এর ফেসবুক, এক্স (পূর্বে টুইটার), ইন্সটাগ্রাম এবং লিঙ্কডিন পৃষ্ঠাগুলো ভিজিট করুন।

আজকের ঘোষণাটি গভর্নর Hochul (হোকল)-এর বৃহত্তর জননিরাপত্তা এজেন্ডার আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ চিহ্নিত করে, যেহেতু গত বছর তিনি সংসদে আইন স্বাক্ষর করেছিলেন যা পারিবারিক এবং অপরাধমূলক আদালতে পারিবারিক নির্যাতনের শিকার ব্যক্তিদের সুরক্ষা নিশ্চিত করবে। আইনটি পারিবারিক এবং পরিবারের সকল সদস্যদের জন্য সুরক্ষা আদেশ লাভ এবং পারিবারিক নির্যাতনের আবেদন দাখিল করার ক্ষমতা বর্ধিত করে, এটি স্বীকার করে যে পারিবারিক নির্যাতন শুধুমাত্র ব্যক্তিকেই প্রভাবিত করে না যিনি নির্যাতনকারীর সাথে বর্তমানে বা অতীতে কোনো অন্তরঙ্গ সম্পর্ক ছিলেন। এই আইনটি আন্তর্জাতিকভাবে নারীদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধ দিবসে স্বাক্ষর করা হয়েছে যা সকল নিউ ইয়র্কবাসীকে পারিবারিক নির্যাতন থেকে সুরক্ষিত রাখার জন্য প্রচেষ্টাকে আরো শক্তিশালী করে। Melanie Chianese (মেলানি চিয়ানিজ)-এর স্মৃতিতে Melanie (মেলানি)-এর আইন অনুসারে নামকরণ করা হয়েছে যিনি দুঃখজনকভাবে তার মায়ের প্রাক্তন সঙ্গীর দ্বারা মৃত্যুবরণ করেছিলেন এবং এই আইনটি সেইসব ব্যক্তিদের সুরক্ষিত করার লক্ষ্য জারি করা হয়েছে যারা ভুক্তভোগীদের কাছে ঘনিষ্ঠ, কারণ নির্যাতনকারীরা প্রায়শই কর্তৃত্ব বজায় রাখতে প্রিয়জনদের ব্যবহার করে।

**অফিস ফর দ্য প্রিভেনশন অব ডোমেস্টিক ভায়োলেন্সের নির্বাহী পরিচালক Kelli Owens (কেলি ওয়েনস) বলেন**, "মানুষের উপর ক্ষমতা ও কর্তৃত্ব প্রতিষ্ঠা করার জন্য প্রযুক্তি দুষ্কৃতিকারীদের হাতে অনেক নতুন উপায় এনে দিয়েছে। এটি লিঙ্গভিত্তিক সহিংসতার বিভিন্ন রূপ ধারণ করেছে যার মধ্যে রয়েছে নজরদারি যা দ্রুত পরিবর্তনশীল ভার্চুয়াল জগতে প্রবেশ করেছে এবং সারা বিশ্বের ভুক্তভোগীদের স্বাস্থ্য ও সুস্থতার জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে। OPDV ডিজিটাল হুমকির ভুক্তভোগীদের সর্বোত্তম সেবা প্রদানের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি এবং স্টেটে বিভিন্ন পরিষেবা প্রদানকারীদের সঙ্গে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ, পাশাপাশি ভুক্তভোগীদের উপর ফোকাস রেখে আঘাত-সচেতন এবং সাংস্কৃতিকভাবে সংবেদনশীল পদ্ধতিতে তাদের সহায়তা করতে কাজ করে যাচ্ছে। এই মাসের গুরুত্ব অনুধাবন করার জন্য এবং নিউ ইয়র্কে বেঁচে যাওয়া মানুষদের পাশে দাঁড়ানোর জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

**ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসের কমিশনার রোসানা রোসাদো বলেন,** "আমরা জানি যে, নজরদারি পারিবারিক নির্যাতনের ক্ষেত্রে হত্যার ঝুঁকি গুরুত্বরভাবে বাড়িয়ে দেয়।

DCJS কঠোর পরিশ্রম করছে যাতে আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্যান্য স্টেকহোল্ডারগণ নজরদারির মতো বিষয়গুলোর সম্পর্কে সচেতনতা বাড়ানো যায় যা প্রাণঘাতী ঝুঁকির মূল্যায়নে ব্যবহৃত হয় এবং যা এই ধরনের ট্র্যাজেডি প্রতিরোধে জনমত গঠনে সহায়ক হতে পারে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা এই বিষয়টি নিয়ে আলোচনা করি যে প্রযুক্তি কিভাবে প্রায়শই পারিবারিক সহিংসতার শিকারদের খুঁজে বের করতে এবং নজরদারি করার জন্য ব্যবহার করা হয়। এইসব ঝুঁকিকে স্বীকৃতি দিয়ে প্রতিক্রিয়া জানানোয় আমরা গভর্নর Hochul (হোকল), OPDV এবং আমাদের আইন প্রয়োগকারী অংশীদারদের ধন্যবাদ জানাই।"

**অফিস অব ভিকটিম সার্ভিসের নির্বাহী পরিচালক বিয়া হ্যানসন বলেন,** "আমরা OPDV এবং অন্যান্য সরকারি ও বেসরকারি অংশীদারদের সাথে মিলে নজরদারি সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য গর্ববোধ করি — একটি গুরুতর অপরাধ যা ভুক্তভোগী এবং এ সংক্রান্ত অভিজ্ঞতার ব্যক্তিদের তাদের নিরাপত্তা ও সুস্থতার অনুভূতি থেকে বঞ্চিত করে। OVS-এ কর্মরত আমাদের কর্মচারীগণ অত্যন্ত পরিশ্রম করে এটি নিশ্চিত করার জন্য যে অপরাধের শিকার, যার মধ্যে নজরদারিও অন্তর্ভুক্ত, তাদের সহায়তা প্রদান করা হয় এবং তাদের নিরাপত্তা পুনরুদ্ধার এবং সুস্থ হয়ে ওঠার জন্য প্রয়োজনীয় রিসোর্সগুলো তাদের কাছে পৌঁছানো হয়। এই বিষয়ে নেতৃত্ব প্রদানের আমরা গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞ এবং আমরা ভুক্তভোগী এবং এ সংক্রান্ত অভিজ্ঞতার ব্যক্তিদের OVS-কর্তৃক আর্থিকভাবে সহায়তা প্রদানকারীদের সঙ্গে যোগাযোগ করার জন্য আহ্বান জানাই যাতে তারা প্রাপ্য সহায়তা পেতে পারে এবং OPDV-এর রিসোর্স ও পরামর্শ গ্রহণ করতে পারে যাতে দুষ্কৃতিকারীরা প্রযুক্তি ব্যবহার করে ক্ষতি করার জন্য সুযোগ লাভ করতে না পারে।"

**স্টেট সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গৌনার্ডেস) বলেন,** "প্রযুক্তি আমাদের জীবনকে পরিবর্তন করেছে এবং হয়রানি ও নির্যাতনের শিকার ব্যক্তিদের সুরক্ষার জন্য আমাদের আইনগুলো সাইবার নজরদারি, প্রতিশোধ পর্ন, ডক্সিং এবং ডীপ ফেকের যুগের সাথে সঙ্গতিপূর্ণ হওয়াটা বিশেষভাবে জরুরি। ভুক্তভোগীদের এমন সহায়তা প্রয়োজন এবং এমন কিছুর প্রাপ্তির তারা অধিকার যেখানে তারা নিরাপদ এবং সুরক্ষিত অনুভব করতে পারে। এটিই তাদের শেষ চিন্তা হওয়া উচিত নয় যে, তাদের নিজের গাড়ি এমনকি তাদের নির্যাতনকারীর হাতিয়ার হয়ে তাদেরকে নজরদারি করে এবং হয়রানি করতে পারে যা একটি ভয়াবহ ধারণা। আমার বিল একটি সহজ, বোধগম্য পদক্ষেপ গ্রহণ করে যাতে নির্যাতনকারীরা এই প্রযুক্তি ব্যবহার করে মানুষের ক্ষতি করতে না পারে। এই গুরুত্বপূর্ণ প্রস্তাবনাটিকে আইনে পরিণত করার জন্য এবং ভুক্তভোগীদের সমর্থনে গভর্নরের প্রতিশ্রুতির জন্য আমি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলিমেম্বার Linda B. Rosenthal (লিন্ডা বি. রোজেনথাল) বলেন,** "পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য বাড়তি সুরক্ষা নিশ্চিতে দীর্ঘকালের সমর্থক হিসেবে, আমি খুবই উচ্ছ্বসিত যে গভর্নর Hochul (হোকল) গত মাসে আমার প্রস্তাবিত আইনটি স্বাক্ষর করেছেন যা ভুক্তভোগীদের গাড়িতে সাধারণত ইনস্টল করা ট্র্যাকিং ডিভাইস থেকে সুরক্ষিত রাখবে। নজরদারিমূলক সচেতনতা মাস চলাকালে, আমরা মনে করি যে নির্যাতনকারীরা প্রায়শই আমাদের আইন থেকে এক ধাপ এগিয়ে থাকে যা এটি আরো গুরুত্বপূর্ণ করে তোলে যে আমরা উদীয়মান প্রবণতা এবং প্রযুক্তির সাথে তাল মিলিয়ে চলি। সহিংসতা বা নির্যাতনের শিকার ব্যক্তিদের ইতোমধ্যেই তাদের নিরাপত্তা সুরক্ষিত রাখতে অনেক পরিশ্রম করতে হয় এবং আমার

নতুন আইনের মাধ্যমে, এখন তাদের আর গাড়ি প্রস্তুতকারকদের কাছে গিয়ে সেই বৈশিষ্ট্যগুলো নিষ্ক্রিয় করার জন্য অনুরোধ করতে হবে না যা তাদের বিপদের মুখে ফেলে।"

**সিনেটর Michelle (মিশেল হিঞ্চে) বলেন,** "নজরদারি একটি গুরুতর অপরাধ যা ভুক্তভোগীদের জীবনে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলে এবং তাদের দৈনন্দিন জীবনকে প্রতিনিয়ত ভীতি ও অনিশ্চয়তার মধ্যে ফেলে দেয়। জানুয়ারি মাসকে নজরদারি সচেতনতা মাস হিসেবে স্বীকৃতি দেওয়া নিউ ইয়র্ক জুড়ে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের প্রতি সংহতির একটি শক্তিশালী বার্তা পাঠায় এবং স্পষ্ট করে যে এই ধরনের নির্যাতন সহ্য করা হবে না। আমি Melanie (মেলানি)-এর আইনকে স্পনসর এবং সিনেটর Gounardes (গৌনার্ডেস)-এর সদ্য স্বাক্ষরিত আইনের মতো ধারাগুলোকে সমর্থন করতে গর্বিত যা প্রযুক্তি-নির্ভর নজরদারি থেকে সুরক্ষা বৃদ্ধি করে, পাশাপাশি এই ধরনের অপব্যবহার মোকাবিলায় এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। পারিবারিক নির্যাতনের শিকার এবং তাদের পরিবারের সুরক্ষা ও মর্যাদা নিশ্চিতের জন্য আমরা কাজ করা চালিয়ে যাব এবং এই কাজে সহযোগিতার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলিমেম্বার ব্রায়ান কানিংহাম বলেন,** "গত এক বছর ধরে, গভর্নর Hochul (হোকল) স্টেট আইনসভার সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে পারিবারিক নির্যাতনের শিকার ব্যক্তিদের মানসিক ও শারীরিক সুস্থতার পাশাপাশি তাদের আইনগত ও মানবিক অধিকার সুরক্ষাকে অগ্রাধিকার নিশ্চিত করা অব্যাহত রেখেছেন। সিটি, স্টেট এবং জাতি হিসেবে আমাদের অর্জিত অগ্রগতি সুস্পষ্ট যা গভর্নরের জানুয়ারিকে নজরদারি সচেতনতা মাস হিসেবে ঘোষণার মধ্য দিয়ে প্রকাশিত হয়েছে। এই ঘোষণাটি কেবলমাত্র নজরদারি এবং লিঙ্গভিত্তিক বৈষম্যের শিকার ব্যক্তিদের ভয়াবহ অভিজ্ঞতাগুলোকেই তুলে ধরে না বরং ভবিষ্যতে অপরাধীরা যাতে ক্ষতি করতে না পারে তা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং কার্যকরী সমাধানও তুলে ধরে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য প্রিভেনশন অব ডোমেস্টিক ভায়োলেন্স হলো দেশের একমাত্র ক্যাবিনেট-লেভেলের নির্বাহী স্টেট সংস্থা যা লিঙ্গভিত্তিক বৈষম্য বিষয়ক সমস্যা সমাধানের প্রতি নিবেদিত। স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা হটলাইন: 800-942-6906 নম্বরে (কল), 844-997-2121 নম্বরে (টেক্সট) অথবা @opdv.ny.gov ঠিকানায় (চ্যাট) 24/7 খোলা থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন